

## বিজ্ঞপ্তি

নং-৮০.১১১.০১১.০০.০০.০০১.২০১৫(অংশ-২)/ ১৩৮

তারিখ : ১৩ অক্টোবর, ২০১৬

**বিষয় :** প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার এর শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের লিখিত পরীক্ষা অনুষ্ঠান সংক্রান্ত।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার এর শূন্য পদে নিয়োগের জন্য প্রিলিমিনারী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ২০০ নম্বরের লিখিত পরীক্ষা নিম্নলিখিত কেন্দ্রে নিম্নোক্ত তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে :

লিখিত পরীক্ষার কেন্দ্র/স্থান : শেরে বাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

লিখিত পরীক্ষার তারিখ ও সময় : ১০ নভেম্বর ২০১৬, বৃহস্পতিবার, দুপুর ০১ঃ৩০ মিঃ হতে ০৪ঃ৩০ মিঃ পর্যন্ত।

### পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সম্পর্কিত নির্দেশাবলী :-

- ১) প্রার্থীদেরকে বাংলা-৫০, ইংরেজি-৫০, গণিত ও মানসিক দক্ষতা-৬০, সাধারণ জ্ঞান-৪০ মোট ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।
- ২) পরীক্ষার নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হবার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২(দুই) ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থীর পরীক্ষা কক্ষ ত্যাগ করা নিষিদ্ধ।
- ৩) বিশেষভাবে উল্লেখ্য, প্রার্থীকে একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি উত্তরপত্র প্রদান করা হবে। বাংলা, ইংরেজি, গণিত ও মানসিক দক্ষতা, সাধারণ জ্ঞান বিষয়াদির জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে। উত্তরপত্রে বিষয়ের কোড ভুল লিখলে বা পূরণ করলে বা এক বিষয়ের উত্তরপত্রে অন্য বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
- ৪) প্রার্থীকে কালো কালির কলম বা বল পয়েন্ট কলম সাথে আনতে হবে। পরীক্ষা কেন্দ্রে ব্যাগ, বইপত্র, মোবাইল ফোন, ইলেকট্রনিক ডিভাইস, কোনো ধরনের ঘড়ি আনা এবং কোনো প্রকার যোগাযোগ যন্ত্র বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। সাইনট্রনিক ক্যালকুলেটর বা এ জাতীয় কোন যন্ত্র ব্যবহার করা যাবে না। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া বাঞ্ছনীয়।
- ৫) পরীক্ষা কেন্দ্রে কোনো প্রকার অসাধু পন্থা অবলম্বন এবং অশোভন আচরণের অভিযোগে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যে কোনো প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে। পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ কক্ষ ত্যাগ করবেন।
- ৬) এ পদের প্রার্থীদের আবেদনপত্র অনলাইনে গ্রহণ করা হয়েছে। প্রিলিমিনারী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ তাঁদের স্ব স্ব প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করবেন। প্রবেশ পত্র হারিয়ে গেলে/ নষ্ট হলে কমিশনের [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর <http://bpsc.teletalk.com.bd> ওয়েব সাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করবেন। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।
- ৭) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।
- ৮) এই বিজ্ঞপ্তিটি কমিশনের ([www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd)) ওয়েব সাইটে এবং কমিশনের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন ;  
চাকুরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে



(শেখ শাখাওয়ারা হোসেন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন্-ক্যাডার)